

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

পিএসডি সার্কুলার নং : ০৪/২০১৫

১৪ জুলাই, ২০১৫
তারিখ : -----
৩০ আষাঢ়, ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**ঈদ উৎসব উপলক্ষে এবং উৎসব ছুটিকালীন সময়ে কার্ড ভিত্তিক Automated Teller Machine (ATM),
Point of Sale (POS) এবং e-payment লেনদেনের ক্ষেত্রে গ্রাহক স্বার্থ সংরক্ষন নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

ঈদ উৎসব উপলক্ষে গ্রাহকদের কেনাকাটা এবং উৎসব ছুটিকালীন সময়ে বানিজ্যিক ব্যাংকসমূহের শাখা বন্ধ থাকায় গ্রাহকরা অধিকহারে ATM (Automated Teller Machine), POS (Point of Sale) এবং e-Payment Gateway ব্যবহার করে ইলেকট্রনিক পদ্ধতিতে লেনদেন সম্পন্ন করে। ATM, POS এবং e-Payment Gateway ব্যবহার করে কার্ড ভিত্তিক ইলেকট্রনিক লেনদেনের ক্ষেত্রে গ্রাহক স্বার্থ সংরক্ষণসহ সার্বক্ষনিক লেনদেন নিশ্চিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণার্থে আপনাদেরকে পরামর্শ প্রদান করা যাচ্ছে :

১. ATM এবং POS নেটওয়ার্ক সার্বক্ষনিক চালু রাখা;
২. ATM বুথে সার্বক্ষনিক নগদ টাকার সরবরাহ নিশ্চিত করণ;
৩. বন্ধ বা অচল এটিএম বুথের সামনে অবশ্যই নোটিশ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ; অনিবার্য কারণবশতঃ কোন ব্যাংকের সকল ATM এবং POS সেবা বন্ধ থাকলে তাৎক্ষনিক গ্রাহকদের অবহিতকরণ;
৪. e-Payment Gateway লেনদেনের ক্ষেত্রে সতর্কতা অবলম্বনে গণ-মাধ্যমে সতর্কতামূলক প্রচারনার ব্যবস্থা গ্রহণ করতঃ গ্রাহক সচেতনতা বৃদ্ধিকরণ;
৫. লেনদেনের ক্ষেত্রে কোন অবস্থাতেই যেন গ্রাহক হয়রানির শিকার না হয় তার ব্যবস্থা গ্রহণ;

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

আপনাদের বিশ্বস্ত



(কে, এম আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১৭৪